পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
(অফিস) ৮৬১৩২৮০
৯৬৬১৯০০-৫৯/৪০৭৯
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২

OFFICE OF THE CONTROLLER OF EXAMINATIONS
UNIVERSITY OF DHAKA
DHAKA-1000, BANGLADESH
Phone: (off.) 8613280
9661900-59/4079
Fax: 88-02-9667222
E-mail: examcontrollera7c@du.ac.bd

মেমো নং:-১৬৫৪/শা-২/প.

তারিখ: ০২ অগ্রহায়ণ ১৪৩১
১৭ নভেম্বর ২০২৪

১। অধ্যক্ষ, ঢাকা কলেজ, ধানমন্ডি, ঢাকা।
২। অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা।
৩। অধ্যক্ষ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, বকশীবাজার, ঢাকা।
৪। অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, মিউনিসিপ্যাল স্ট্রীট, ঢাকা।
৫। অধ্যক্ষ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, লক্ষ্মীবাজার, ঢাকা।
৬। অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা।
৭। অধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ, গুলশান, ঢাকা।

**২০২২ সনের মাস্টার্স শেষ পর্ব নিয়মিত, অনিয়মিত ও মানোন্নয়ন (জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রণীত সিলেবাস ও নীতিমালা অনুযায়ী) পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি।**

পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২ সনের মাস্টার্স শেষ পর্ব নিয়মিত, অনিয়মিত ও মানোন্নয়ন (জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রণীত সিলেবাস ও নীতিমালা অনুযায়ী) পরীক্ষায় অংশগ্রহনেচ্ছু পরীক্ষার্থীদের পরীক্ষার আবেদন ফরম অনলাইনে পূরণ করে আগামী **২১-১১-২০২৪** তারিখ থেকে **০৫-১২-২০২৪** তারিখের মধ্যে সংশ্লিষ্ট কলেজে জমা দিতে হবে । পরীক্ষার্থীদের অনলাইনে আবেদন ফরমপূরণ, আনুষঙ্গিক নিয়ম, শর্তাবলী ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃক কার্যাবলি নিম্নে প্রদত্ত হলো। পরীক্ষার বিস্তারিত সময়সূচি পরবর্তীতে জানানো হবে।

*** আবেদন ফরম পূরণ, জমাদান, ব্যাংক ড্রাফট ও বিবরণী ফরম এবং অন্যান্য কাগজপত্র জমাদানের তারিখ:**

| পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে আবেদন ফরমপূরণ শুরু ও জমাদানের শেষ তারিখ | কলেজ কর্তৃক অনলাইনে ভেরিফাই করার শেষ তারিখ | ব্যাংক ড্রাফটের তারিখ |
|---|---|---|
| ২১/১১/২০২৪ হতে ০৫/১২/২০২৪ | ০৯/১২/২০২৪ | ১০/১২/২০২৪ |

**পরীক্ষার নির্ধারিত ফি (প্রতি পরীক্ষার্থী):**

| ক্র. নং | বিবরণ | নির্ধারিত ফি | ক্র.নং | বিবরণ | নির্ধারিত ফি |
|---|---|---|---|---|---|
| ১ | তত্ত্বীয় ফি (প্রতি পূর্ণ পত্র) | ২৫০/- | ৯ | সমাজকর্ম বিষয়ের মাঠকর্ম ফি প্রতি পরীক্ষার্থীর জন্য (প্রযোজ্য ক্ষেত্রে) | ১০০০/- |
| ২ | তত্ত্বীয় ফি (প্রতি অর্ধ পত্র) | ১৫০/- | ১০ | টার্ম পেপার ফি প্রতি পরীক্ষার্থীর জন্য (প্রযোজ্য ক্ষেত্রে)<br>• বিশ্ববিদ্যালয়ে জমা হবে- ১০০/-<br>• কলেজে জমা হবে- ১৫০/- | ২৫০/- |
| ৩ | কেন্দ্র ফি- তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী কেন্দ্র- ৪৫০/- এবং কলেজ- ৩০০/-) | ৭৫০/- | ১১ | ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য)-<br>• বিশ্ববিদ্যালয়ে জমা হবে -১০০/-<br>• কলেজে জমা হবে- ২০০/- | ৩০০/- |
| ৪ | মৌখিক পরীক্ষার ফি | ২৫০/- | ১২ | থিসিস ফি (প্রযোজ্য ক্ষেত্রে) | ১,৫০০/- |
| ৫ | ব্যবহারিক পরীক্ষার ফি | ২৫০/- | ১৩ | সাময়িক সনদ ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য) | ৩০০/- |
| ৬ | কেন্দ্র ফি-ব্যবহারিক (কলেজে জমা হবে) | ১২০/- | ১৪ | নম্বরপত্র ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য) | ৪৫০/- |
| ৭ | মানোন্নয়নের ক্ষেত্রে অন্তর্ভূক্তি ফি ** (তার সাথে পত্র সংখ্যা অনুযায়ী ফি সহ প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য ফি) | | | | ৩০০/- |
| ৮ | আইসিটি ফি (প্রযোজ্য ক্ষেত্রে) | | | | ৭০০/- |

১। **পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলি:**

(ক) **নিয়মিত ও অনিয়মিত শিক্ষার্থীর ক্ষেত্রে:**
২০২১-২০২২ শিক্ষাবর্ষের মাস্টার্স শেষ পর্ব (জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রণীত সিলেবাস ও নীতিমালা অনুযায়ী) পরীক্ষার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত শিক্ষার্থীরা (২০২১ সনের অনার্স ৪র্থ বর্ষ বিশেষ পরীক্ষায় উত্তীর্ণ) নিয়মিত, ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ শিক্ষাবর্ষের অনিয়মিত শিক্ষার্থীরা উক্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) **অকৃতকার্য শিক্ষার্থীর ক্ষেত্রে:**
২০২০ ও ২০২১ সনের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় F গ্রেড প্রাপ্ত শিক্ষার্থীরা ২০২২ সনের মাস্টার্স ফাইনাল (জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রণীত সিলেবাস ও নীতিমালা অনুযায়ী) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। ২০২১ সনের একজন শিক্ষার্থী F গ্রেড প্রাপ্ত কোর্সের পাশাপাশি **মানোন্নয়নের জন্য C এবং D গ্রেড প্রাপ্ত সর্বোচ্চ দুইটি কোর্সে** ২০২২ সালের মাস্টার্স ফাইনাল (জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রণীত সিলেবাস ও নীতিমালা অনুযায়ী) পরীক্ষায় পরীক্ষার্থীরা নিজ নিজ সিলেবাস অনুযায়ী অংশগ্রহণের সুযোগ পাবে। তবে **C এবং D গ্রেড প্রাপ্ত কোর্সে** শুধুমাত্র পরবর্তী বছরেই মানোন্নয়নের সুযোগ পাবে।

(গ) **মানোন্নয়নের ক্ষেত্রে:**
২০২১ সনের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় একজন শিক্ষার্থীর **GPA ২.৫০** এর কম হলে উক্ত শিক্ষার্থী ২০২২ সনের মাস্টার্স ফাইনাল (জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রণীত সিলেবাস ও নীতিমালা অনুযায়ী) পরীক্ষায় GPA উন্নয়নের জন্য **শুধুমাত্র ২০২১ সনের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় C এবং D গ্রেড প্রাপ্ত সর্বোচ্চ ০২ (দুই) টি কোর্সের পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে । উল্লেখ্য যে, GPA ২.৫০ এবং এর উপরে থাকলে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ নাই।**

(ঘ) **ইনকোর্স, টার্মপেপার, মৌখিক, ব্যবহারিক, মাঠকর্ম ও থিসিস পরীক্ষায় গ্রেড উন্নীতকরণের কোনো সুযোগ নাই।**

**উক্ত পরীক্ষায় যে সকল শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ ইতোমধ্যে উত্তীর্ণ হয়েছে (মাস্টার্স শিক্ষাবর্ষ:২০১৭-১৮ এবং ২০১৮-১৯) সেক্ষেত্রে শিক্ষার্থীপ্রতি ৫০০০/-(পাঁচ হাজার) টাকা জরিমানা প্রদান সাপেক্ষে উক্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে {মাস্টার্স ২০১৭-১৮ শিক্ষাবর্ষের পূর্বে এবং মাস্টার্স (২০১৭,২০১৮,২০১৯ ও ২০২০) বিশেষ পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থী ব্যতিত)}।**

২। **ইনকোর্স ও টার্ম পেপার পরীক্ষার প্রয়োজনীয় শর্তাবলি:**

ক) নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে কলেজের সংশ্লিষ্ট বিভাগ ইন-কোর্স/টার্ম পেপার পরীক্ষার প্রাপ্ত নম্বর রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে এন্ট্রি দিয়ে ভেরিফাই করতে হবে। ভেরিফাই করার শেষ তারিখের পর অনলাইন থেকে ইসকোর্স নম্বরের তালিকা ডাউনলোড করে বিভাগীয় প্রধান এবং কলেজ অধ্যক্ষ মহোদয়ের স্বাক্ষরের পর এক কপি উপ-পরীক্ষা নিয়ন্ত্রক ও দুই কপি পরীক্ষা কমিটির নিকট প্রেরণ করতে হবে।

খ) **ইনকোর্স ও টার্মপেপার পরীক্ষার মূল নম্বর পত্রের (ম্যানুয়াল কপি) ফটোকপি কলেজ সংরক্ষণ করবে এবং মূল কপি (ম্যানুয়েল কপি) ফরম পূরণের বিবরণী ও ফি জমাদানের সাথে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে ।**

৩। **অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য):**

ক) আবেদনকারীকে ওয়েবসাইটে (http://dua7c.com/) **লিংক এ গিয়ে** অনার্স এর রেজিস্ট্রেশন নম্বর (মাস্টার্স ২০২০, ২০২১, ২০২২ এর রেজিস্ট্রশন নম্বর হিসাবে প্রযোজ্য), বিষয় কোড (৪ সংখ্যার) ও মাস্টার্সের শিক্ষাবর্ষ দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম (এন্ট্রি ফরম) প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত ফরমে (এন্ট্রি ফরম) পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয় সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে।

খ) প্রিন্টকৃত ফরমে (এন্ট্রি ফরম) শিক্ষার্থী নিজে স্বাক্ষর করার পর কলেজ **অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষের** স্বাক্ষর নিয়ে ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে **০৪/১২/২০২৪** তারিখের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের **৩২২** নং কক্ষে আবেদনের মাধ্যমে জানাতে পারবে।

ঘ) পরীক্ষার্থীরা অনলাইনে আবেদন ফরম পূরণ করে নির্ধারিত-ফি সহ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিবে এবং কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে সঠিক আছে কি না তা দেখে নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে। বিষয় কোড ভুল এন্ট্রির জন্য বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না। **অনলাইনে ফরম পূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই (কলেজ কর্তৃক ভেরিফাই এর পূর্বে) সর্বোচ্চ ০৩ (তিন) বার সংশোধন করতে পারবে।**

৪। **কলেজের জন্য করণীয়:**

যে সকল পরীক্ষার্থী ২০২২ সালের মাস্টার্স শেষ পর্ব (জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রণীত সিলেবাস ও নীতিমালা অনুযায়ী) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে কিন্তু অনলাইনে পরীক্ষার্থীদের তালিকায় নাম নাই এমন কোন শিক্ষার্থী থাকলে এবং তালিকায় তার ডাটা না পাওয়া যায় সে ক্ষেত্রে তার রেজাল্ট ও রেজিস্ট্রেশনের মেয়াদ যাচাইপূর্বক নির্ভুলভাবে নির্দিষ্ট এক্সেল ফরমেটে (ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে প্রেরিত) পরীক্ষার্থীদের ডাটা ০৪/১২/২০২৪ মধ্যে প্রেরণ করতে হবে। এছাড়াও অনলাইনে আবেদন ফরমপূরণকৃত পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক বিবরণীতে সংশ্লিষ্ট পরীক্ষার্থী, বিভাগীয় প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষরের পর মূল কপি ঢাকা বিশ্ববিদ্যালয়ে নির্ধারিত তারিখে জমা দিবে এবং এক কপি কলেজ সংরক্ষণ করবে উল্লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশিত হওয়া পর্যন্ত।

**অনলাইনে পূরণকৃত আবেদন ফরম ভেরিফাই ও আনুষঙ্গিক কার্যাদি (কলেজের জন্য):**

**ক) ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের ডাটা ওয়েব সাইটের (http://dua7c.com/) লিংক এ গিয়ে কলেজ লগ ইন করে "আন ভেরিফাইড" লিস্ট এ পাওয়া যাবে। শিক্ষার্থীকর্তৃক পূরণকৃত ফরম দেখে ডাটা এন্ট্রি সঠিক হলে, শিক্ষার্থীর ফরমপূরণের ফি জমা সম্পন্ন হয়ে থাকলে এবং পরীক্ষার্থী আলোচ্য পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী পূরণ করলে কলেজ কর্তৃপক্ষ ইনকোর্স নম্বর ইনপুট পূর্বক ভেরিফাই করতে হবে। এভাবে সকল পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি ভেরিফাই হওয়ার পর পরীক্ষার্থীর বিবরণী প্রিন্ট করে অধ্যক্ষ স্বাক্ষর করবেন।**

**খ) পূরণকৃত আবেদন পত্রে রেজিস্ট্রেশন বিবরণী অনুযায়ী শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড সঠিক আছে কি-না তা যাচাই পূর্বক অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বাক্ষর করবেন। ভুল তথ্য প্রদানের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না**

**৫। ফি জমাদানের নিয়মাবলী:**

**২০২২ সালের মাস্টার্স ফাইনাল (জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রণীত সিলেবাস ও নীতিমালা অনুযায়ী) পরীক্ষার সকল পরীক্ষার্থীদের ফিসের টাকা কলেজ কর্তৃপক্ষ "Seven College Student fees" শিরোনামে হিসাব নং: ৪৪০৫৭০৩০০০০৭৪- এ সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে -অর্ডার করে জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে।** এছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুসারে প্রতিটি ফরমের মূল্য ১০০/- (একশত টাকা) যা কলেজ কর্তৃপক্ষ **"CONTROLLER OF EXAMINATIONS"** শিরোনামে হিসাব নং:-**33011288** (সোনালী ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্পোরেট শাখা) এই নামে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে-অর্ডারকরে জমা দিতে হবে, ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে। কলেজ কর্তৃপক্ষ তাদের খরচ হিসেবে ৫০/- (পঞ্চাশ টাকা) করে (শিক্ষার্থী প্রতি) আদায় করবে।

৬। **বিবিধ:**

ক) পরীক্ষার্থীদের পরীক্ষার হলে বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহকৃত মূল রেজিস্ট্রেশন কার্ড/প্রবেশ পত্র প্রদর্শন করতে হবে।
খ) পরীক্ষার্থীর নির্দিষ্ট বিষয়/পত্র কোড ছাড়া অন্য কোনো বিষয়/পত্র কোড -এ আবেদন ফরমপূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
গ) পরীক্ষার সময়সূচি যথাসময়ে সংশ্লিষ্ট কলেজ/কেন্দ্রসমূহে প্রেরণ ও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

(মোঃ বাহালুল হক চৌধুরী)
পরীক্ষা নিয়ন্ত্রক ১৭.১১.২০২৪
ঢাকা বিশ্ববিদ্যালয়
E-mail: examcontrollera7c@du.ac.bd

17.11.2024 17.11.2024